# প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

*মিডিয়া হাউজে কর্মরত মোট সাংবাদিকের তালিকা (নাম, পদবি, মোবাইল নাম্বার এবং ইমেইল এ্যাড্রেসসহ)
(মিডিয়া হাউজের ফরোয়ার্ডিং এর মাধ্যমে স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে)

*কতজনের নামে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড চাচ্ছেন তার একটি তালিকা (নাম, পদবি, মোবাইল নাম্বার এবং ইমেইল এ্যাড্রেসসহ)
মিডিয়া হাউজের ফরোয়ার্ডিং এর মাধ্যমে স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে

*প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা ২০২৫ অনুযায়ী নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে:
১। স্বহস্তে পূরণকৃত এক সেট আবেদনপত্র (আবেদনপত্র **www.pressinform.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে)
২। ০১ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view)।
৩। এনআইডির কপি
৪। বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের নিয়োগপত্র।
৫। বর্তমানে কর্মরত প্রতিষ্ঠান হতে বেতন প্রাপ্তির প্রমাণাদি।
৬। পাঁচ বছরের পেশাগত অভিজ্ঞতার প্রমাণস্বরূপ নিয়োগপত্র।
৭। পূর্বে ইস্যুকৃত প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড (যদি থাকে) এর কপি।

**সংবাদপত্রের ক্ষেত্রে:**

১-৭ ক্রমিকে উল্লিখিত কাগজপত্রাদির পাশাপাশি
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি) থেকে মিডিয়া তালিকাভুক্তি ও সার্কুলেশন সংক্রান্ত তথ্যাদি জমা দিতে হবে।

**টেলিভিশন চ্যানেলের ক্ষেত্রে**

১-৭ ক্রমিকে উল্লিখিত কাগজপত্রাদির পাশাপাশি
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সম্প্রচারের অনুমতি পত্র জমা দিতে হবে। তবে, পূর্ণাঙ্গ কার্যক্রম চালু না করা হলে কোনো টেলিভিশন চ্যানেলের সংবাদকর্মীর অনুকূলে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান করা হবে না।

**অনলাইন নিউজ পোর্টালের ক্ষেত্রে:**

১-৭ ক্রমিকে উল্লিখিত কাগজপত্রাদির পাশাপাশি
অনলাইন নিউজ পোর্টালের নিবন্ধন সনদ (হালনাগাদ নবায়নকৃত) এবং গুগল অ্যানালিটিকস অনুযায়ী ইউনিক ভিউয়ারস সংখ্যার রেকর্ড জমা দিতে হবে।

**ফ্রিল্যান্স সাংবাদিকদের জন্য প্রযোজ্য:**

১-৩ এবং ৭ ক্রমিকে উল্লিখিত কাগজপত্রাদির পাশাপাশি
মূলধারার গণমাধ্যম (Mainstream media)-এ কমপক্ষে ২০ (বিশ) বছরের সাংবাদিকতার অভিজ্ঞতা এবং মূলধারার গণমাধ্যমে বছরে অন্তত ১০ (দশ) টি প্রতিবেদন প্রচার বা প্রকাশের প্রমাণক দাখিল করতে হবে।

[***বিস্তারিত আরও তথ্য জানতে প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা ২০২৫ দ্রষ্টব্য]
www.pressinform.gov.bd

২৮/৮/২০২৫

মোহাম্মদ কামরুজ্জামান ভূঁঞা
উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড লিয়াজোঁ)
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।